৬৩

দৈনিক ইনকিলাব

তারিখ ... 03 JUN 1997 ...
পৃষ্ঠা ... ৬৩ ... কলাম ... 2 ......

# জাতীয়কৃত কলেজ শিক্ষকদের ক্যাডার বহির্ভূতভাবে নিয়মিতকরণের প্রতিবাদ

বাংলাদেশ সরকারী কলেজ শিক্ষক পরিষদের নির্বাহী কমিটির এক জরুরী সভা রবিবার ধানমন্ডিস্থ পরিষদ কার্যালয়ে অনুষ্ঠিত হয়। সভাপতিত্ব করেন পরিষদ সভাপতি অধ্যাপক মোঃ আলী আকবর খান। সভায় ১৯৮৪ সন থেকে জাতীয়কৃত কলেজের শিক্ষকদের ক্যাডার বহির্ভূতভাবে চাকুরীতে নিয়মিতকরণের বিরুদ্ধে তীব্র প্রতিবাদ জানান হয়। সভায় অভিমত ব্যক্ত করা হয় যে, শিক্ষা ক্যাডারে আত্মীকৃত প্রথম শ্রেণীর কর্মকর্তাদের ক্যাডার বহির্ভূতভাবে নিয়মিতকরণের কোন অবকাশ নেই। এ বিষয়ে ইতিপূর্বে উচ্চ পর্যায়ে অনেকবার আলোচনা হয়েছে এবং উক্ত অবৈধ আদেশ সংশোধনের বিষয়ে নিশ্চয়তাও দেয়া হয়। ১৯৭৮ সন থেকে ১৯৮৩ সন পর্যন্ত জাতীয়কৃত কলেজের শিক্ষকদের আত্মীকরণের ক্ষেত্রে যে ব্যবস্থা অনুসৃত হয়েছে একই আত্মীকরণ বিধির আওতায় ১৯৮৪ সন থেকে জাতীয়কৃত শিক্ষকদের ক্ষেত্রে এই অবাঞ্ছিত ব্যতিক্রমকে সভায় জাতীয়কৃত শিক্ষকদের বিরুদ্ধে একটি ষড়যন্ত্র বলে আখ্যায়িত করা হয়। অবিলম্বে এই বিধি বহির্ভূত আদেশ বাতিল করে শিক্ষকদের ক্যাডারভুক্তি সম্পন্ন করার জন্য সরকারের নিকট জোর দাবী জানানো হয়। শিক্ষকদের ক্যাডার বহির্ভূতভাবে নিয়মিতকরণ এবং তাদের পদোন্নতি তালিকা থেকে বাদ দেয়ার ষড়যন্ত্রের বিরুদ্ধে প্রতিরোধ গড়ে তোলার লক্ষ্যে আগামী ৬ জুন ঢাকায় জাতীয়কৃত কলেজ শিক্ষকদের সমাবেশে যোগদানের জন্য শিক্ষকদের প্রতি আহবান জানান হয়। প্রেস বিজ্ঞপ্তি।